

অস্বাধ্য ৰোগে

হোমিওপ্যাথি

বহু অত্যাধুনিক, অপ্রচলিত হোমিওপ্যাথিক ঔষুধেৰ
বিস্তৃত বিবৰণ এবং ৰেপাৰ্টাৰী ৰুৱিকৰেৰ সংকেত সহ

ডাঃ কুণাল ভট্টাচাৰ্য, এম ডি (হোম)






জন্ম সিপাহী বিদ্রোহ প্রসিদ্ধ বারাকপুরে। আদি বাড়ি বহু মণিষীর জন্মধন্য জেলা মেদিনীপুর। কৈশোরে মাতৃবিয়োগের যন্ত্রণা নিয়ে বর্ধমান হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ থেকে বি.এইচ.এম.এস.। পরবর্তীকালে সেখানেই শিক্ষকতা। আশ্বেদকর বিশ্ববিদ্যালয়, মুজংফরপুর থেকে সাইকিয়াট্রিতে এম.ডি. (হোম) ২০১০ সালে। অল্প বয়সেই সামলেছেন নেপাল হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের গুরুদায়িত্ব। প্র্যাকটিস অফ মেডিসিনের শিক্ষক হিসাবে যুক্ত ছিলেন এম এম হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, কাটিহার ও বেঙ্গল হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ, আসানসোলার সঙ্গেও।

হোমিওপ্যাথি নিয়ে জ্ঞানাস্বেষণ ও গবেষণা চালিয়ে যাচ্ছেন বহুদিন। রিপোর্টারীর কিংবদন্তী শিক্ষক ডাঃ কে সি পালের প্রধান ছাত্র ডাঃ বিমল পালের কাছে শিখেছেন হোমিওপ্যাথির অ-আ-ক-খ। বর্তমান যুগের দিকপাল হোমিওপ্যাথ ডাঃ প্রকাশ মল্লিক ও ডাঃ সুনির্মল সরকারের কাছে পেয়েছেন হোমিওপ্যাথির আধুনিকতম প্রয়োগের পাঠ। জ্ঞানাস্বেষণের তাড়নায় ছুটে গেছেন ডাঃ রাজন শংকরণ, ডাঃ ফারুখ মাস্টার, ডাঃ টিনাস স্মিথ, ডাঃ এস. জেড. খান, ডাঃ অশোক প্রধান, ডাঃ পি ব্যানার্জীদের মত মহীরুহদের কাছে। স্বীকার করেন, তথাকথিত তক্মা বিহীন চিকিৎসকদের কাছ থেকেও শিখেছেন বহু কিছু। তাই ক্লাসিক্যাল প্রেসক্রিপশনে যেমন স্বচ্ছন্দ্য, তেমন জড়তা নেই অত্যাধুনিক হোমিও ওষুধগুলির প্রয়োজনীয় প্রয়োগেও।

নিয়মিত প্রকাশিত হয় চিকিৎসা বিষয়ক মূল্যবান প্রবন্ধ এদেশে ও বিদেশের বিভিন্ন জার্নালে। হোমিও চিকিৎসা বিজ্ঞান ও জীবনধারা নিয়ে বিদেশের বিভিন্ন সেমিনারে তাঁর বক্তৃতা উচ্চ প্রশংসিত হয়েছে। পেয়েছেন ‘বঙ্গ শিরোমণি অনন্য সম্মান’, ‘মাদার টেরেসা সেবা সম্মান’ সহ বহু পুরস্কার।

নিবিড় যত্নে, শ্রমে গড়ে তুলেছেন তাঁর স্বপ্নের ‘নিদান ইন্টারন্যাশনাল হোমিওপ্যাথিক ফাউন্ডেশন’। আর্থিক স্বাচ্ছন্দ্যের মাপকাঠিতে শ্রেণীবিভক্ত সমাজের প্রত্যেকে যেন এই প্রতিষ্ঠানে আধুনিকতম হোমিওপ্যাথিক চিকিৎসার সুযোগ পান, অকাল প্রয়াতা জননীর এই স্বপ্ন সার্থক করতে তিনি অঙ্গীকারবদ্ধ।

যোগাযোগ



নিদান ইন্টারন্যাশনাল হোমিওপ্যাথিক ফাউন্ডেশন

ঘটকপাড়া, মণিরামপুর, পোঃ বারাকপুর, কলিকাতা- ৭০০ ১২০

মুঠোফোন : ৯০৩৮৯৮১৯৪০ ই-মেল: drkunalhom@gmail.com

Website : www.drkunalbhattacharya.com